গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রেস-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

স্মারক নং-১৫.০০.০০০০.০২০.১৮.০৪৮.১৮-৫৯

তারিখ : ০৩ চৈত্র ১৪৩১ / ১৭ মার্চ ২০২৫

বিষয় : 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২৫'-এর প্রজ্ঞাপন ওয়েব-সাইটে প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২৫'-এর প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত প্রজ্ঞাপনটি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২৫-এর কপি।

১৭/৩/২০২৫

খাদিজা তাহেরা ববি
উপসচিব
ফোন: ৫৫১০০৪৬২
e-mail: press2@moi.gov.bd

সিস্টেম এনালিস্ট
আইসিটিসেল
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ২৬, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রেস-২ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ ফাল্গুন ১৪৩১/ ২৬ ফেব্রুয়ারি ২০২৫

**প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২৫**

নং **১৫.০০.০০০০.০২০.১৮.০৪৮.১৮-৪৫**—তথ্য সংগ্রহের উদ্দেশ্যে বাংলাদেশের অভ্যন্তরে দেশি ও বিদেশি গণমাধ্যম প্রতিষ্ঠানে কর্মরত বাংলাদেশি সাংবাদিকদের প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যুর বিদ্যমান নীতিমালা যুগোপযোগীকরণের লক্ষ্যে প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২৫ প্রণয়ন করা হলো।

০১। **শিরোনাম**

এ নীতিমালা 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২৫' নামে অভিহিত হবে।

০২। **প্রযোজ্যতা ও অধিক্ষেত্র**

২.১। এ নীতিমালা সংবাদ সংগ্রহ ও প্রকাশ বা প্রচারের কাজে নিয়োজিত দেশি ও বিদেশি গণমাধ্যম প্রতিষ্ঠানের বাংলাদেশে কর্মরত বাংলাদেশি সাংবাদিকদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২.২। এ নীতিমালা প্রজ্ঞাপন জারির তারিখ থেকে কার্যকর হবে।

০৩। **সংজ্ঞার্থ**

৩.১। 'সংবাদপত্র' বলতে 'The Printing Presses and Publications (Declaration and Registration) Act, 1973'-এর আওতায় সরকার অনুমোদিত এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি)-এর মিডিয়া তালিকাভুক্ত প্রতিদিন কিংবা নির্দিষ্ট সময় অন্তরে প্রকাশিত মুদ্রিত প্রকাশনাকে বোঝাবে।

৩.২। 'ইলেক্ট্রনিক মিডিয়া' বলতে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সরকারি/ বেসরকারি টেলিভিশন চ্যানেল, বেতার এবং এফএম রেডিও-কে বোঝাবে।

৩.৩। 'অনলাইন নিউজ পোর্টাল/ডিজিটাল নিউজ পোর্টাল' বলতে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ও নিবন্ধিত ইন্টারনেটভিত্তিক সংবাদ মাধ্যমকে বোঝাবে।

৩.৪। 'বেসরকারি মালিকানায় বেতার কেন্দ্র স্থাপন ও পরিচালনা নীতিমালা-২০১০'- এর আওতায় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সকল রেডিও এ নীতিমালার আওতায় পড়বে।

৩.৫। 'গণমাধ্যম' বলতে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত প্রিন্ট, ইলেক্ট্রনিক এবং অনলাইন যোগাযোগ মাধ্যমকে বোঝাবে, যা সমাজের ব্যাপক জনগোষ্ঠীর মাঝে সংবাদ ও তথ্য পরিবেশনের মাধ্যমে জনমত গঠনে কার্যকর ভূমিকা রাখে।

৩.৬। 'প্রধান তথ্য অফিসার বা পিআইও' বলতে বাংলাদেশ সরকারের তথ্য অধিদফতরের প্রধান তথ্য অফিসারকে বোঝাবে।

৩.৭। 'কর্মরত সাংবাদিক' বলতে দেশি কিংবা বাংলাদেশে অবস্থিত বিদেশি গণমাধ্যমে কর্মরত বাংলাদেশি সম্পাদক, নির্বাহী সম্পাদক, উপসম্পাদক, বিভাগীয় সম্পাদক, প্রতিবেদক, আলোকচিত্রী ও ভিডিওগ্রাফারদেরকে বোঝাবে।

৩.৮। 'স্ট্রিঙ্গার' বলতে কোনো বিদেশি সংবাদ মাধ্যমের বাংলাদেশে কর্মরত বাংলাদেশি প্রতিনিধিকে বোঝাবে।

৩.৯। 'প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড' বলতে বাংলাদেশে শুধু সংবাদ সংগ্রহ ও পরিবেশনের জন্য চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি)-এর মিডিয়া তালিকাভুক্ত সংবাদপত্র ও সাময়িকী, সরকার অনুমোদিত টেলিভিশন, বেতার, এফএম রেডিও এবং নিবন্ধিত অনলাইন নিউজ পোর্টালের/ডিজিটাল নিউজ পোর্টালের প্রতিনিধি এবং বিদেশি গণমাধ্যমের জন্য ন্যূনতম এক বছরের জন্য নিয়োগপ্রাপ্ত বা চুক্তিবদ্ধ বাংলাদেশস্থ প্রতিনিধি হিসেবে কর্মরত বাংলাদেশি সাংবাদিকদের অনুকূলে ইস্যুকৃত কার্ডকে বোঝাবে। সরকার অনুমোদিত সংবাদ সংস্থাও এর অন্তর্ভুক্ত হবে।

৩.১০। 'প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি' বলতে বাংলাদেশে কর্মরত সাংবাদিকদের অনুকূলে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যুর লক্ষ্যে এ নীতিমালার ৪.১ উপ-অনুচ্ছেদ মোতাবেক গঠিত কমিটিকে বোঝাবে।

০৪। **প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির গঠন এবং কার্যপরিধি**

৪.১। নিম্নলিখিত ব্যক্তিবর্গের সমন্বয়ে 'প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি' গঠিত হবে:

| | | |
|---|---|---|
| ক) | প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর | সভাপতি |
| খ) | মহাপরিচালক, জনকূটনীতি অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| গ) | মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর | সদস্য |
| ঘ) | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক মনোনীত ০১ (এক) জন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়) | সদস্য |
| ঙ) | জননিরাপত্তা বিভাগ কর্তৃক মনোনীত ০১ (এক) জন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার নিচে নয়) | সদস্য |
| চ) | সরকার কর্তৃক মনোনীত নারী সাংবাদিকদের ০১ (এক) জন প্রতিনিধি | সদস্য |
| ছ) | ঢাকা সাংবাদিক ইউনিয়ন (ডিইউজে) কর্তৃক মনোনীত ০১ (এক) জন প্রতিনিধি (সভাপতি/সাধারণ সম্পাদক পদমর্যাদার নিচে নয়) | সদস্য |
| জ) | সরকার কর্তৃক মনোনীত সংবাদপত্রের ০১ (এক) জন উপযুক্ত প্রতিনিধি (উপসম্পাদকের নিচে নয়) | সদস্য |
| ঝ) | সরকার কর্তৃক মনোনীত বেসরকারি ইলেকট্রনিক মিডিয়ায় ০১ (এক) জন বার্তা সম্পাদক/বার্তা প্রধান বা উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ঞ) | সরকার কর্তৃক নিবন্ধিত অনলাইন নিউজ পোর্টালের/ডিজিটাল নিউজ পোর্টালের ০১ (এক) জন প্রকাশক বা উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ট) | সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রোটকল), তথ্য অধিদফতর | সদস্য-সচিব |

৪.২। **কমিটির কার্যপরিধি**

ক) প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যুর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

খ) প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড সংক্রান্ত সকল আপত্তি/অভিযোগ, শুনানি ও নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

গ) প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালায় প্রয়োজনীয় সংযোজন, সংশোধন ও পরিমার্জনের বিষয়ে সুপারিশ প্রণয়ন করবে।

৪.৩। প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি প্রতি তিনমাসে ন্যূনতম একবার সভায় মিলিত হবে। তবে প্রয়োজন অনুযায়ী একাধিকবার সভা আহ্বান করা যাবে।

**৪.৪। প্রেস অ্যাক্রিডিটেশন আপিল কমিটি**

| | | | |
|---|---|---|---|
| ক) | তথ্য সচিব | : | সভাপতি |
| খ) | প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার কার্যালয়ের প্রেস সচিব | : | সদস্য |
| গ) | প্রেস কাউন্সিলের সচিব | : | সদস্য |
| ঘ) | জাতীয় দৈনিক পত্রিকার সম্পাদক পদমর্যাদার একজন | : | সদস্য |
| ঙ) | বেসরকারি টেলিভিশন থেকে ন্যূনতম বার্তা প্রধান পদমর্যাদার একজন | : | সদস্য |
| চ) | বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে)-এর সভাপতি/মহাসচিব/সম্পাদক | : | সদস্য |
| ছ) | প্রধান তথ্য কর্মকর্তা | : | সদস্য-সচিব |

**৪.৪.১। কার্যপরিধি**

ক) প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির সিদ্ধান্তে কেউ সংক্ষুব্ধ হলে আপিল কমিটির কাছে আপিল করতে পারবে।

খ) আপিলের আবেদন প্রাপ্তির ৩০ দিনের মধ্যে আপিল কমিটি আপিলের নিষ্পত্তি করবে।

**০৫। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির নিয়মাবলি**

৫.১। চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মিডিয়া তালিকাভুক্ত সংবাদপত্র ও সাময়িকী, সংবাদ-সংস্থা, সরকার অনুমোদিত টেলিভিশন, বেতার, এফএম রেডিও এবং নিবন্ধিত অনলাইন নিউজ পোর্টালে/ডিজিটাল নিউজ পোর্টালে কর্মরত সাংবাদিকদের অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান করা হবে। এছাড়া, নিউজ নেটওয়ার্ক বা অডিও ভিজ্যুয়াল কাভারেজের সঙ্গে সম্পৃক্ত সরকারি নিউজ মিডিয়া সংস্থার প্রতিনিধি, ফ্রিল্যান্স সাংবাদিক এবং স্ট্রিঞ্জারও অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান কার্যক্রমের আওতাভুক্ত হবে। তবে, বর্ণিত গণমাধ্যমের নিবন্ধিত কোনো অনলাইন নিউজ পোর্টাল/ডিজিটাল নিউজ পেপারে কর্মরত কোনো ব্যক্তিকে অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান করা হবে না।

৫.২। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড কোনোক্রমেই হস্তান্তরযোগ্য নয়।

৫.৩। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডধারী কোনো ব্যক্তি তাঁর ভিজিটিং কার্ড, লেটার হেড প্যাড, চিঠি বা অন্য কোথাও 'বাংলাদেশ সরকার কর্তৃক প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্ত' কথাগুলো লিখতে পারবেন না।

৫.৪। রাষ্ট্রীয় কোনো কর্মসূচির নিউজ কাভারেজ কিংবা অন্য কোনো পেশাগত দায়িত্ব পালনের জন্য আগত বিদেশি সাংবাদিকদের সাময়িকভাবে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান করা যাবে। তবে, সংশ্লিষ্ট দায়িত্ব পালন শেষে ০৭ (সাত) দিনের মধ্যে আবশ্যিকভাবে উক্ত কার্ড প্রধান তথ্য অফিসার বরাবর ফেরত দিতে হবে।

৫.৫। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডের সুবিধাপ্রাপ্ত সাংবাদিক সরকারের বিভিন্ন সংবাদ উৎস, তথ্য অধিদফতর এবং বাংলাদেশ সরকারের বিভিন্ন সংস্থা কর্তৃক ইস্যুকৃত সংবাদ ম্যাটেরিয়াল, স্থিরচিত্র, অডিও ভিজ্যুয়াল কনটেন্ট ও লিখিত তথ্য প্রাপ্যতার ক্ষেত্রে বিদ্যমান আইনের বিধান অনুসরণপূর্বক প্রবেশাধিকার পাবেন।

৫.৬। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু বা বাতিল প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি করবে। কারো কার্ড বাতিল হলে বা কমিটির কোনো সিদ্ধান্তে কেউ সংক্ষুব্ধ হলে তিনি আপিল কমিটিতে আপিল করতে পারবেন। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু ও বাতিলের ক্ষেত্রে আপিল কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। তবে প্রধান তথ্য অফিসার যৌক্তিক কারণে কোনো কার্ড সাময়িকভাবে স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করবেন যা পরবর্তী সময়ে কমিটি কর্তৃক অনুমোদন করতে হবে।

৫.৭। কোনো আবেদনকারী বা গণমাধ্যম প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির ক্ষেত্রে অসত্য/প্রতারণামূলক/জাল তথ্য বা প্রমাণক সরবরাহ করলে প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির সিদ্ধান্ত সাপেক্ষে উক্ত আবেদনকারী বা মিডিয়া প্রতিষ্ঠান সর্বনিম্ন ০২ (দুই) বছর হতে সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর পর্যন্ত প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির ক্ষেত্রে অযোগ্য বিবেচিত হবে।

৫.৮। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডধারী কোনো ব্যক্তি অ্যাক্রিডিটেশন কার্ডের অপব্যবহার করলে প্রেস অ্যাক্রিডিটেশন কমিটি সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে এই নীতিমালা অনুসারে ব্যবস্থা গ্রহণ করতে পারবে। তবে, প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ব্যবহার করে গুরুতর অপরাধ করলে প্রধান তথ্য অফিসার তাৎক্ষণিকভাবে অভিযুক্ত সাংবাদিকের প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড স্থগিত করতে পারবেন, যা পরবর্তী সময়ে প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

৫.৯। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডধারী কোনো ব্যক্তির বিরুদ্ধে কোনো ফৌজদারি মামলায় অভিযোগপত্র দাখিল হলে সংশ্লিষ্ট ব্যক্তির নামে ইস্যুকৃত অ্যাক্রিডিটেশন কার্ডটি স্থগিত থাকবে এবং বিচারিক আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হলে কার্ডটি বাতিল হবে। তবে আপিল আদালতে বা চূড়ান্তভাবে নির্দোষ সাব্যস্ত হলে তিনি পুনরায় কার্ডের জন্য আবেদন করতে পারবেন।

৫.১০। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড হবে ডিজিটাল।

০৬। **প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রদানের নিয়মাবলি**

৬.১। প্রত্যেক গণমাধ্যম প্রতিষ্ঠানকে উক্ত প্রতিষ্ঠানে কর্মরত সাংবাদিকদের অনুকূলে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু/ নবায়নের লক্ষ্যে সুপারিশ প্রদানের জন্য, এতদুদ্দেশ্যে সংশ্লিষ্ট যিনি গণমাধ্যম প্রতিষ্ঠানের পক্ষে নিয়োজিত (assigned) কর্মকর্তার স্বাক্ষর ও সিলসহ নাম ও পদবি উল্লেখ করে প্রতিষ্ঠানের প্যাডে প্রধান তথ্য অফিসার বরাবর আবেদন প্রেরণ করতে হবে।

৬.২। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির জন্য তথ্য অধিদফতর কর্তৃক নির্ধারিত আবেদন ফরমের সংশ্লিষ্ট স্থানে এতদুদ্দেশ্যে গণমাধ্যম প্রতিষ্ঠানের পক্ষে নিয়োজিত (assigned) কর্মকর্তা কর্তৃক সুপারিশকৃত হতে হবে। গণমাধ্যম এতদুদ্দেশ্যে প্রতিষ্ঠান কর্তৃক নিয়োজিত (assigned) কর্মকর্তা ছাড়া অন্য কেউ সুপারিশ করলে অ্যাক্রিডিটেশন কার্ডের আবেদন বিবেচনা করা হবে না।

৬.৩। আবেদন করার সময় আবেদনকারীকে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের সাংবাদিকতার অভিজ্ঞতা থাকতে হবে।

৬.৪। দেশের অভ্যন্তরে বিদেশি মিডিয়ায় প্রতিনিধিত্বকারী বাংলাদেশি সাংবাদিকদের প্রথম প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যুর ক্ষেত্রে তথ্য অধিদফতরের নির্ধারিত আবেদন ফরমে সুপারিশের স্থানে আবেদনকারীর নিয়োগকারী কর্তৃপক্ষের প্রত্যয়ন থাকতে হবে। এছাড়া, নিয়োগকারী কর্তৃপক্ষের অফিসিয়াল প্রত্যয়ন/নিয়োগপত্র নিয়োগকারীর অফিসিয়াল ইমেইলের মাধ্যমে পাঠাতে হবে। এ ধরনের কার্ড নবায়নের ক্ষেত্রেও কার্ড ইস্যুর অনুরূপ শর্তাবলি পূরণ করতে হবে। অন্যথায় কার্ড নবায়ন করা হবে না।

৬.৫। অ্যাক্রিডিটেশন কার্ড কমিটি প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু, নবায়ন অথবা, প্রযোজ্য ক্ষেত্রে, যে-কোনো সময় আবেদনের বিশ্বাসযোগ্যতা ও সত্যতা যাচাইয়ের জন্য যে-কোনো তথ্য চাইতে পারবে। অ্যাক্রিডিটেশন কমিটি প্রয়োজন মনে করলে নিরাপত্তা ছাড়ের জন্য পুলিশ ভেরিফিকেশন করাতে পারবে।

৬.৬। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড হারিয়ে গেলে নিকটবর্তী থানায় সাধারণ ডায়েরি (জিডি) করতে হবে এবং এর অনুলিপি সংযুক্ত করে পুনরায় কার্ডের জন্য আবেদন করতে হবে। সেক্ষেত্রে, পুনরায় কার্ড ইস্যুর বিষয়টি প্রধান তথ্য অফিসার বিবেচনা করবেন।

৬.৭। মেয়াদ উত্তীর্ণ হওয়ার ১ মাসের মধ্যে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড আবশ্যিকভাবে তথ্য অধিদফতরে জমা দিতে হবে। সময়ের ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কার্ডধারীর অনুকূলে কোনো প্রকার প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু বা নবায়ন করা হবে না।

৬.৮। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যুর জন্য সংশ্লিষ্ট গণমাধ্যমকে প্রতিবছর ০৭ জানুয়ারির মধ্যে ন্যূনতম ০৬ (ছয়) মাসের জন্য সাংবাদিকগণের অপরিবর্তনীয় হালনাগাদ তালিকা প্রেরণ করতে হবে। বছরের অবশিষ্ট সময়ের জন্য ০৭ (সাত) জুলাইয়ের মধ্যে সাংবাদিকগণের অপরিবর্তনীয় হালনাগাদ তালিকা প্রেরণ করতে হবে।

৬.৯। হালনাগাদ তালিকার সঙ্গে তালিকার বাইরে থাকা সাংবাদিকদের নামে ইস্যুকৃত অ্যাক্রিডিটেশন কার্ড তথ্য অধিদফতরে ফেরত প্রদান করতে হবে।

৬.১০। কোনো গণমাধ্যম প্রতিষ্ঠান হালনাগাদ তালিকার বাইরে নতুন কোনো সাংবাদিকের অনুকূলে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যুর সুপারিশ করলে, আবেদনপত্রের সঙ্গে যে সাংবাদিকের পরিবর্তে নতুন নাম সুপারিশ করা হবে, সেই সাংবাদিকের কার্ড ফেরত দিতে হবে। অন্যথায় পরিবর্তিত কার্ড ইস্যু করা হবে না।

**০৭। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু/নবায়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্র**

**৭.১। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যুর জন্য নিম্নোক্ত ছক অনুসারে কাগজপত্র দাখিল করতে হবে।**

| সংবাদপত্র | টেলিভিশন চ্যানেল | অনলাইন নিউজ পোর্টাল/ ডিজিটাল নিউজ পোর্টাল |
|---|---|---|
| **ক) প্রেস অ্যাক্রিডিটেশন** কার্ডের জন্য এক (০১) সেট আবেদনপত্র;<br>খ) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট (বিদেশি সাংবাদিকের সাময়িক কার্ড প্রদানের ক্ষেত্রে)-এর ফটোকপি;<br>গ) বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের নিয়োগপত্র ও বেতন প্রাপ্তির প্রমাণাদি;<br>ঘ) পাঁচ বছরের পেশাগত অভিজ্ঞতার প্রমাণস্বরূপ নিয়োগপত্র;<br>ঙ) এক কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (front view); এবং<br>চ) চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি) থেকে মিডিয়া তালিকাভুক্তি ও সার্কুলেশন সংক্রান্ত তথ্যাদি জমা দিতে হবে। | **ক) প্রেস অ্যাক্রিডিটেশন** কার্ডের জন্য এক (০১) সেট আবেদনপত্র;<br>খ) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট (বিদেশি সাংবাদিকের সাময়িক কার্ড প্রদানের ক্ষেত্রে)-এর ফটোকপি;<br>গ) বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের নিয়োগপত্র ও বেতন প্রাপ্তির প্রমাণাদি;<br>ঘ) পাঁচ বছরের পেশাগত অভিজ্ঞতার প্রমাণস্বরূপ নিয়োগপত্র;<br>ঙ) এক কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (front view); এবং<br>চ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক সম্প্রচারের অনুমতি পত্র জমা দিতে হবে। তবে, পূর্ণাঙ্গ সম্প্রচার কার্যক্রম চালু না করা হলে কোনো টিভি চ্যানেলের সংবাদকর্মীর অনুকূলে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান করা হবে না। | **ক) প্রেস অ্যাক্রিডিটেশন** কার্ডের জন্য এক (০১) সেট আবেদনপত্র;<br>খ) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট (বিদেশি সাংবাদিকের সাময়িক কার্ড প্রদানের ক্ষেত্রে)-এর ফটোকপি;<br>গ) বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের নিয়োগপত্র ও বেতন প্রাপ্তির প্রমাণাদি;<br>ঘ) পাঁচ বছরের পেশাগত অভিজ্ঞতার প্রমাণস্বরূপ নিয়োগপত্র;<br>ঙ) এক কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (front view);<br>চ) নিউজ পোর্টালের নিবন্ধন সনদ; এবং<br>ছ) গুগল অ্যানালিটিকস অনুযায়ী ইউনিক ভিউয়ারস সংখ্যার রেকর্ড জমা দিতে হবে। |

৭.২। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড নবায়নের জন্য নিম্নোক্ত ছক অনুসারে কাগজপত্র দাখিল করতে হবে।

| সংবাদপত্র | টেলিভিশন চ্যানেল | অনলাইন নিউজ পোর্টাল/ ডিজিটাল নিউজ পোর্টাল |
|---|---|---|
| ক) প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড নবায়নের ক্ষেত্রে এক (০১) সেট আবেদনপত্র; | ক) প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড নবায়নের ক্ষেত্রে এক (০১) সেট আবেদনপত্র; | ক) প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড নবায়নের ক্ষেত্রে এক (০১) সেট আবেদনপত্র; |
| খ) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট (বিদেশি সাংবাদিকের সাময়িক কার্ড প্রদানের ক্ষেত্রে)-এর ফটোকপি; | খ) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট (বিদেশি সাংবাদিকের সাময়িক কার্ড প্রদানের ক্ষেত্রে)-এর ফটোকপি; | খ) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট (বিদেশি সাংবাদিকের সাময়িক কার্ড প্রদানের ক্ষেত্রে)-এর ফটোকপি; |
| গ) এক কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (front view); | গ) এক কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (front view); | গ) এক কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (front view); |
| ঘ) পূর্ববর্তী অ্যাক্রিডিটেশন কার্ডের এক কপি ফটোকপি জমা দিতে হবে। | ঘ) পূর্ববর্তী অ্যাক্রিডিটেশন কার্ডের এক কপি ফটোকপি জমা দিতে হবে। | ঘ) পূর্ববর্তী অ্যাক্রিডিটেশন কার্ডের এক কপি ফটোকপি; এবং |
| | | ঙ) গুগল অ্যানালিটিকস অনুযায়ী ইউনিক ভিউয়ারস সংখ্যার রেকর্ড জমা দিতে হবে। |

৭.৩। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডের মেয়াদকাল হবে তিন বছর। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডে ইস্যুর তারিখ ও মেয়াদ উত্তীর্ণের তারিখ পরিষ্কারভাবে উল্লেখ থাকতে হবে।

৭.৪। প্রধান তথ্য অফিসারের স্বাক্ষরে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যু/নবায়ন করা হবে। নবায়নের জন্য নির্ধারিত ফরমে অনুচ্ছেদ ৭.১ বা ৭.২ অথবা ৭.৩-এ উল্লিখিত প্রমাণকসহ মেয়াদ উত্তীর্ণের ৩০ (ত্রিশ) দিন আগে আবেদন করা হলে তা নবায়ন করা হবে। প্রধান তথ্য অফিসার কার্ড নবায়ন করবেন। পরবর্তী সময়ে কমিটির সভায় তা অনুমোদন করিয়ে নিতে হবে।

৭.৫। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড বাংলা ও ইংরেজি উভয় ভাষায় মুদ্রিত হবে।

**০৮। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড স্থগিত ও বাতিলের কারণ**

৮.১। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডধারী সাংবাদিক প্রতিষ্ঠান পরিবর্তন করলে তার বর্তমান প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং তিনি নতুন প্রতিষ্ঠানের অনুকূলে অ্যাক্রিডিটেশন কার্ডের জন্য অনুচ্ছেদ ৭-এ উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে পারবেন।

৮.২। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডধারী ব্যক্তি গণমাধ্যমের প্রতিনিধিত্ব করা থেকে বিরত থাকলে অথবা প্রতিষ্ঠানে কর্মরত না থাকলে, সংশ্লিষ্ট গণমাধ্যমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রধান তথ্য অফিসারকে লিখিতভাবে তা জানাবেন এবং ১৫ (পনেরো) দিনের মধ্যে ইস্যুকৃত প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড তথ্য অধিদফতরে ফেরত পাঠাবেন। অন্যথায় ভবিষ্যতে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ইস্যুর কার্যক্রম স্থগিত থাকবে।

৮.৩। কোনো গণমাধ্যমের প্রকাশনা বা সম্প্রচারের লাইসেন্স/নিবন্ধন বাতিল করা হলে কিংবা বন্ধ হলে অথবা ডিএফপি মিডিয়া তালিকা থেকে বাদ গেলে কিংবা গণমাধ্যম প্রতিনিধির মৃত্যু হলে বা তিনি মিডিয়া থেকে চাকরিচ্যুত হলে অথবা পদত্যাগ করলে উক্ত গণমাধ্যমের প্রতিনিধির অনুকূলে প্রদত্ত প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড বাতিল করা হবে।

৮.৪। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড ব্যবহার করে কোনো অপরাধমূলক কর্মকাণ্ডে লিপ্ত হওয়ার অভিযোগ পাওয়া গেলে প্রধান তথ্য অফিসার সংশ্লিষ্ট প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড সাময়িকভাবে স্থগিত করে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য বিষয়টি অ্যাক্রিডিটেশন কমিটিতে প্রেরণ করবেন।

৮.৫। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডধারী কর্মরত সাংবাদিক বাংলাদেশ প্রেস কাউন্সিল কর্তৃক প্রণীত 'কোড অব কনডাক্ট' বা এই নীতিমালার কোনো শর্ত লঙ্ঘন করলে কমিটি তার প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড বাতিল করবে এবং তথ্য অধিদফতর তা তাৎক্ষণিকভাবে প্রচার করবে। তবে বিশেষ পরিস্থিতিতে অথবা অন্য কোনো যৌক্তিক কারণে প্রধান তথ্য অফিসার কার্ড বাতিলের জন্য প্রেস অ্যাক্রিডিটেশন কমিটির নিকট সুপারিশ করতে পারবেন।

৮.৬। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ডের মেয়াদ উত্তীর্ণের তারিখে কার্ডের কার্যকারিতা শেষ হবে। মেয়াদ শেষ হওয়ার ০১ (এক) মাস আগেই নবায়নের জন্য আবেদন করতে হবে।

০৯। **ফ্রিল্যান্স সাংবাদিকদের প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রদানের নিয়মাবলি**

৯.১। অবসরপ্রাপ্ত অভিজ্ঞ সম্পাদক, বরেণ্য সাংবাদিক/কলামিস্টগণ ফ্রিল্যান্স সাংবাদিক হিসেবে অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্য হবেন।

৯.২। ফ্রিল্যান্স সাংবাদিকগণ পেশাগত এবং প্রধান তথ্য অফিসার কর্তৃক নির্ধারিত অন্যান্য তথ্যাদি প্রদান সাপেক্ষে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্য হবেন।

৯.৩। ফ্রিল্যান্স সাংবাদিক হিসেবে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির ক্ষেত্রে মূলধারার গণমাধ্যম (Mainstream Media)-এ কমপক্ষে ২০ (বিশ) বছরের সাংবাদিকতার অভিজ্ঞতা এবং মূলধারার গণমাধ্যমে বছরে অন্তত ১০ (দশ) টি প্রতিবেদন প্রচার বা প্রকাশের প্রমাণক দাখিল করতে হবে। প্রতিবেদনসমূহ প্রধান তথ্য অফিসার কর্তৃক যাচাই সাপেক্ষে কমিটিতে উপস্থাপিত হবে।

১০। **প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির সংখ্যা নির্ধারণ**

১০.১। গণমাধ্যমে কর্মরত সম্পাদক, নির্বাহী সম্পাদক, উপসম্পাদক, বার্তা সম্পাদক, বিভাগীয় সম্পাদক, প্রতিবেদক, আলোকচিত্রী ও ভিডিওগ্রাফারদের মোট সংখ্যার আনুপাতিক হারে অ্যাক্রিডিটেশন কার্ড প্রদান করা হবে। তবে কার্ড প্রদানের সংখ্যা কোনোক্রমেই মোট সংখ্যার ৩০ শতাংশের বেশি হবে না এবং একক কোনো প্রতিষ্ঠান ১৫টির বেশি কার্ড পাবে না। উল্লিখিত ব্যক্তিদের তালিকা প্রতিষ্ঠান প্রধানের প্যাডে সিলসহ প্রদান করতে হবে। এই তালিকায় উল্লিখিত সাংবাদিকের বেতন ও নিয়োগ প্রাপ্তির প্রমাণাদিসহ অন্য যেকোনো তথ্য অ্যাক্রিডিটেশন কমিটি প্রয়োজন মনে করলে যাচাই-বাছাই করবে। কোনো প্রতিষ্ঠানের তথ্যে ভুল পাওয়া গেলে সেই প্রতিষ্ঠানের কার্ড প্রাপ্তির যোগ্যতা সর্বনিম্ন ০২ (দুই) বছর হতে সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর পর্যন্ত স্থগিত করা যাবে।

১১। **বিশেষ বিধান**

১১.১। এস.আর.ও নং ৪২-এল/৮৬, তারিখ ২৬-০১-১৯৮৬ এবং তথ্য অধিদফতরের প্রোটকল নং-৮/৯৩(অংশ-৩)/৭৫৬, ২৪-০৮-২০২২-এর অধীনে প্রেরিত বাংলায় অনূদিত 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২২' এতদ্দ্বারা রহিত করা হলো।

১১.২। উপ-অনুচ্ছেদ ১১.১-এর অধীন, রহিতকরণ সত্ত্বেও, উক্ত নীতিমালার অধীনে সময়ে সময়ে প্রণীত ও জারিকৃত এবং এ নীতিমালার অব্যবহিত পূর্বের বলবৎ সিদ্ধান্তসমূহও 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২৫'-এর অধীনে প্রণীত হয়েছে বলে গণ্য হবে।

১১.৩। 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২২'-এর অধীনে কৃত কোনো কার্যক্রম বা গৃহীত ব্যবস্থা 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২৫'-এর অধীনে কৃত বা গৃহীত হয়েছে মর্মে গণ্য হবে।

১১.৪। 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২২'-এর অধীনে গৃহীত কোনো কাজ বা ব্যবস্থা অনিষ্পন্ন বা চলমান থাকলে তা 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২৫'-এর নীতিমালার বিধান অনুসারে নিষ্পত্তি করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহবুবা ফারজানা**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd